## ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি

চুয়েট, কুয়েট ও রুয়েট এর বিভিন্ন বিভাগে স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ (শিক্ষাবর্ষ ২০২২-২০২৩) এর ভর্তির জন্য ১৭ জুন ২০২৩ খ্রি. শনিবার অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেধা তালিকা প্রকাশ করা হলো (সংযুক্তি দ্রষ্টব্য) ।

| | | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | স্থাপত্য বিভাগ |
|---|---|---|---|
| মূল মেধা তালিকা | | মেধাক্রম ১-১৩২৯০ | মেধাক্রম ১-৭৯৭ |
| সংরক্ষিত আসনের মেধা তালিকা | পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠি | মেধাক্রম ১-৩২ | মেধাক্রম ১-৩ |
| | রাখাইন সম্প্রদায় (চুয়েটের জন্য প্রযোজ্য) | - | - |
| | বান্দরবান জেলার অধিবাসী (কুয়েট ও রুয়েটের জন্য প্রযোজ্য) | মেধাক্রম ১-২ | - |

**প্রার্থীদের করণীয় ঃ**

মেধাস্থান প্রাপ্ত সকল প্রার্থীকে ১৬/০৭/২০২৩ খ্রি. রবিবার সকাল ৯:০০ ঘটিকা থেকে https://admissionckruet.ac.bd লিংকে প্রবেশ করে "online choice form" এর প্রয়োজনীয় তথ্য পূরণ করতে হবে এবং বিশ্ববিদ্যালয় ও বিভাগের পছন্দক্রম প্রদান করতে হবে। ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য ৩৯ টি পছন্দসহ একটি পছন্দক্রম এবং স্থাপত্য বিভাগের জন্য ৩টি পছন্দসহ আলাদা একটি পছন্দক্রম পূরণ করতে হবে। "online choice form" এ প্রদানকৃত তথ্য ও পছন্দক্রম **২২/০৭/২০২৩ খ্রি. শনিবার সকাল ৯.০০ ঘটিকা** পর্যন্ত প্রার্থী পরিবর্তন করতে পারবে। এরপর আর কোন তথ্য বা পছন্দক্রম পরিবর্তন করা যাবে না। পূরণকৃত ফরমের এক কপি (প্রিন্টেড) ভর্তির সময় নিয়ে আসতে হবে।

ভর্তি কার্যক্রম চুয়েট, কুয়েট ও রুয়েট কেন্দ্র সমূহে একযোগে অনুষ্ঠিত হবে । প্রার্থী যে কেন্দ্রে ভর্তি পরীক্ষায় অংশ নিয়েছে উক্ত কেন্দ্রেই উপস্থিত হয়ে ভর্তির জন্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। ১ম পর্যায়ে নিম্নবর্ণিত মেধাক্রম, তারিখ ও সময়সূচী অনুযায়ী ভর্তির জন্য নিরীক্ষা কমিটির নিকট উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

| | | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | স্থাপত্য বিভাগ | তারিখ ও সময়সূচি |
|---|---|---|---|---|
| মূল মেধা তালিকা | | মেধাক্রম ১-৩৫০০ | মেধাক্রম ১-১২০ | ২৩/০৭/২০২৩ খ্রি. রবিবার সকাল ৯:৩০ ঘটিকা হতে বিকাল ৩:৩০ ঘটিকা |
| সংরক্ষিত আসনের মেধা তালিকা | পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠি | মেধাক্রম ১-১৮ | মেধাক্রম ১ | |
| | রাখাইন সম্প্রদায় (চুয়েটের জন্য প্রযোজ্য) | - | - | |
| | বান্দরবান জেলার অধিবাসী (কুয়েট ও রুয়েটের জন্য প্রযোজ্য) | মেধাক্রম ১-২ | - | |

নিরীক্ষা কমিটি দ্বারা প্রার্থীদের সনদপত্র যাঁচাইপূর্বক জমাদানের পর ঐ দিনই স্বাস্থ্য পরীক্ষা করা হবে। পরের দিন ২৪/০৭/২৩ খ্রি. সকালে প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও প্রাপ্ত বিভাগ দেখে ভর্তির জন্য নির্ধারিত ফি ১৮,৫০০/- (আঠার হাজার পাঁচশত টাকা মাত্র) টাকা সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের নির্দেশিত ব্যাংকে বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে। তবে কোন প্রার্থী স্বাস্থ্য পরীক্ষা শেষে একই দিন ভর্তির জন্য নির্ধারিত ফি ১৮,৫০০/- (আঠার হাজার পাঁচশত টাকা মাত্র) টাকা কর্তৃপক্ষের অনুমতিক্রমে ব্যাংকে জমা দিতে পারবে।

**ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত সনদপত্রাদি নিরীক্ষা কমিটির নিকট দাখিল করতে হবে:**

১. শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড।

২. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র।

৩. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।

৪. শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার প্রশংসাপত্রের মূলকপি।

৫. উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।

৬. সমন্বিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।

৭. সদ্য তোলা (অনধিক ০৩ মাস) ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (সত্যায়ন ব্যতীত)।

৮. সংরক্ষিত আসনে ভর্তির জন্য

(ক) ক্ষুদ্র-নৃ-গোষ্ঠির বা উপজাতীয় সনদপত্রের মূলকপি, রাখাইন সম্প্রদায় ও ক্ষুদ্র-নৃ-গোষ্ঠির (উপজাতি) প্রার্থীদের বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং উপজাতীয় প্রমাণ স্বরুপ (১) যে কলেজ থেকে পাস করেছে সে কলেজের অধ্যক্ষ, (২) জেলা প্রশাসক/স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং (৩) উপজাতীয় মোড়লের নিকট থেকে মোট ০৩ (তিন) টি মূল সার্টিফিকেট দাখিল করতে হবে।

অথবা

(খ) জেলা প্রশাসক/স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট থেকে বান্দরবান জেলার স্থায়ী বাসিন্দার সনদপত্রের মূল কপি।

**স্বাস্থ্য পরীক্ষা ঃ**

প্রার্থী যে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবে প্রার্থীকে সেই বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা করাতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় যদি হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অথবা পেশাগত কার্যনির্বাহে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতীয়মান হয় তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে গণ্য করা হবে। স্বাস্থ্য পরীক্ষার নিমিত্তে প্রতিষ্ঠিত ডায়াগোনষ্টিক সেন্টার থেকে ব্লাড গ্রুপের টেষ্ট রিপোর্ট আনতে হবে। প্রয়োজনবোধে চিকিৎসা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় মেডিক্যাল টেষ্ট রিপোর্ট যথাসময়ে দাখিল করতে হবে। মেডিকেল টেষ্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে আনতে হবে।

**ভর্তি সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী:**

- প্রার্থীদের মেধাস্থান এবং পছন্দক্রম অনুসারে বিশ্ববিদ্যালয় ও বিভাগ নির্ধারন করা হবে যা ভর্তির দ্বিতীয় দিন বেলা ১০:০০ টার মধ্যে ওয়েব সাইটে দেয়া হবে।
- ভর্তিকৃত প্রার্থীর প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগ, মোট শূন্য আসন সংখ্যা এবং পরবর্তী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা ২৬/০৭/২০২৩ খ্রি. এর মধ্যে ওয়েব সাইটে দেয়া হবে।
- আসন খালি থাকা স্বাপেক্ষে ওরিয়েন্টশনের পূর্বের দিন পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলমান থাকবে। ভর্তি বাতিল জনিত কারনে কোন আসন শূন্য হলে প্রাথীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে Automigration চলবে।
- ভর্তি প্রক্রিয়া চলাকালীন সময়ে প্রার্থী তাঁর Dashboard এ লগ ইন করে Automigration বন্ধ করার আবেদন করতে পারবে। আবেদনের সময় নির্ধারিত ফরম পূরণ করে আপলোড করতে হবে।
- ভর্তির দিন Automigration প্রক্রিয়া বন্ধ থাকবে। তবে ভর্তির পরের দিন (ভর্তি ফি জমা দেয়ার দিন) সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত প্রার্থীর জন্য Automigration প্রক্রিয়া বন্ধের (off) সার্ভিসটি চালু থাকবে। প্রার্থীরা ইচ্ছা করলে উক্ত সময়ে Automigration off করতে পারবে।
- সংশ্লিষ্ট গ্রুপে (Eng+ URP অথবা Architecture) Automigration প্রক্রিয়া একবার বন্ধ করলে আর চালু করা যাবে না।
- প্রার্থী যে বিশ্ববিদ্যালয়েই ভর্তি হোক না কেন প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে সর্বশেষ Auto migration সম্পন্ন হওয়ার পর প্রাপ্ত বিশ্ববিদ্যালয় ও বিভাগেই ক্লাস শুরু করতে হবে।
- ভর্তিকৃত কোন প্রার্থীর ভর্তি বাতিল করতে হলে ভর্তি বাতিলের নিয়মাবলী মেনে শেষ ভর্তির পূর্বের দিন পর্যন্ত ভর্তিকৃত বিশ্ববিদ্যালয় (যে বিশ্ববিদ্যালয়ে ভর্তির কাগজপত্রাদি জমা দিয়েছে) হতে ভর্তি বাতিল করতে পারবে। ক্লাস শুরুর পর ভর্তি বাতিল করতে হলে স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী করতে হবে।
- অনিবার্যকারনবশতঃ ভর্তির তারিখসমূহ পরিবর্তন করা হলে তা সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট https://admissionckruet.ac.bd এর মাধ্যমে প্রকাশ করা হবে।
- ভর্তি সংক্রান্ত কোন তথ্য জানার জন্য অফিস চলাকালীন সময়ে ০১৭৫৯১২৩১৪৮ (চুয়েট), ০১৭৯৯২৭৩৬৫৫ (কুয়েট) এবং ০১৩২৬৭৩৪৩৮৮ (রুয়েট) নম্বরে যোগাযোগ করা যাবে।

| | |
|---|---|
| (স্বাক্ষর) | (স্বাক্ষর) |
| **(অধ্যাপক ড. মোঃ রবিউল ইসলাম সরকার)** | **(অধ্যাপক ড. মোঃ রোকনুজ্জামান)** |
| সদস্য-সচিব | সভাপতি |
| Central Admission Committee (CAC) | Central Admission Committee (CAC) |
| CUET, KUET ও RUET স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ | CUET, KUET ও RUET স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ |
| সমন্বিত ভর্তি পরীক্ষা (শিক্ষাবর্ষ ২০২২-২৩) | সমন্বিত ভর্তি পরীক্ষা (শিক্ষাবর্ষ ২০২২-২৩) |